একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪১.২৩.০১৯.২৪.৪২৪

তারিখ : ২৭ চৈত্র ১৪৩১
১০ এপ্রিল ২০২৫

বিষয় : জাতীয়ভাবে চৈত্র সংক্রান্তি ও বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণীর গৃহীত কর্মসূচি বাস্তবায়ন।

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৪.২৩.২২২.২৫.২০২, তারিখ: ২৫ মার্চ ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয়ভাবে চৈত্র সংক্রান্তি ও বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে ০২ (দুই) দিনব্যাপী অনুষ্ঠান পরিকল্পনার জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে গত ২৩ মার্চ ২০২৫ তারিখে উক্ত মন্ত্রণালয়ের উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীতে এ বিভাগ সংশ্লিষ্ট নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১০ | ০১ বৈশাখ ১৪৩২ | সকল হাসপাতালে উন্নত ঐতিহ্যবাহী বাংলা খাবার সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্বাস্থ্য অধিদপ্তর |
| ২.২৩ | ০১ বৈশাখ ১৪৩২ | বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যান ও রমনা পার্কের আশেপাশে সুবিধাজনক স্থানে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসা সেবা কেন্দ্র স্থাপন করতে হবে। | সিভিল সার্জন, ঢাকা |

০২। এমতাবস্থায়, জাতীয়ভাবে চৈত্র সংক্রান্তি ও বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে ০২ (দুই) দিনব্যাপী অনুষ্ঠান পরিকল্পনার জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণীতে উল্লিখিত উপরোক্ত কর্মসূচিসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০৪ (চার) পাতা।

১০/০৪/২৫

তানিয়া মুন
সিনিয়র সহকারী সচিব
ফোন :৫৫১০০৭২১
ইমেইল : admin2@hsd.gov.bd

বিতরণ:

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২. সিভিল সার্জন, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, অনুষ্ঠান শাখা)
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. সিস্টেম এনালিস্ট (কম্পিউটার সেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন/হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

D.admin-2.Rokun.different days

CamScanner